



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৯.৩১.১৭৬.২০২০-১৮৭

তারিখ: ২৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় :** “সিলেট, বরিশাল ও খুলনা শহরে ০৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনের উপর আইএমইডি কর্তৃক সুপারিশের উপর গৃহীত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

**সূত্র :** ১. পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ এর স্মারক নং- ২১.০০.০০০০.১৫৬.১৪.০২০.১৭-২৭, তারিখ: ১০/০৫/২০২২ খ্রি.

২. মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৯.৩১.১৭৬.২০২০-১৪৩, তারিখ: ০২/০৬/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) কর্তৃক বাস্তবায়িত “সিলেট, বরিশাল ও খুলনা শহরে ০৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনের উপর আইএমইডি কর্তৃক সুপারিশের আলোকে আপনার বিদ্যালয়ের জমির নামজারি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে নামজারির কপিসহ ১৫ (পনর) কর্মদিবসের মধ্যে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য বিগত ০২/০৬/২০২২ তারিখে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক অদ্যাবধি আপনার প্রতিষ্ঠান থেকে বিদ্যালয়ের জমির নামজারি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত কোনো তথ্য/ডকুমেন্ট পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, আলোচ্য বিষয়ে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের কার্যালয়ে যোগাযোগ করে বিদ্যালয়ের জমির সার্টিফাইড দ্বি-নকল উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট থানার সহকারী কমিশনার (ভূমি)-এর অফিস থেকে নামজারি প্রক্রিয়া সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। এছাড়া নামজারি প্রক্রিয়া সম্পন্নপূর্বক তা আগামী ০৭ কর্মদিবসের মধ্যে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকাকে অবহিত করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Anis*

২৭.০৬.২০২২

(আনিকা রাইসা চৌধুরী)

উপপরিচালক (পরি. ও উন্ন.)

ফোন: ০২-২২৩৩৮৬০৪৬

প্রধান শিক্ষক

সিলেট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সিলেট; দক্ষিণ সুরমা সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সিলেট; শহিদ আব্দুর রব সেরনিয়াবাত সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল; শহিদ আরজু মনি সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল; কেডিএ খান জাহান আলী সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খুলনা; দিলদার আহামেদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খুলনা এবং সালাহউদ্দিন ইউসুফ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। উপপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৫। সংরক্ষণ নথি।